অনুচ্ছেদ - মৌমাছি

মৌমাছি একটি উপকারী পতঙ্গ। এরা আকারে ছোট। এদের দেহে তিনটি অংশ। মাথা, বুক ও উদর। মৌমাছির ছয়টি পা। পাগুলি কয়েকটি খণ্ডে বিভক্ত। মৌমাছির চারটি ডানা। মাথার দুপাশে দুটি চোখ আছে। মৌমাছি ফুল থেকে মধু আহরণ করে। মৌমাছি সমাজবদ্ধ জীব। এদের বাসাকে বলে মৌচাক। বড়ো বড়ো গাছের ডালে এরা মৌচাক বানায়।